গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
মাধবপুর, হবিগঞ্জ
cooparative.madhabpur.habiganj.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬১.৩৬৭১.০০০.০০০.১৬.০০০২.২৬.১৭

তারিখ: ৭ শ্রাবণ ১৪৩৩
২২ জুলাই ২০২৬

বিষয়: **সফল সমবায় সমিতির প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: জেলা সমবায় অফিসার,হবিগঞ্জ মহোদয়ের নির্দেশনা মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্তে মাধবপুর উপজেলাধীন সফল সমবায় সমিতির প্রতিবেদন এতদসঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তিঃ**

(১) বিজয় সঞ্চয় ও ঋণদান স.স.লিঃ

২২-০৭-২০২৬
মোঃ ইসমাইল তালুকদার
উপজেলা সমবায় অফিসার, মাধবপুর,হবিগঞ্জ
ফোন : ৮৮০২৯৯৬৬০৮৬২৫
ইমেইল : ucomadhabpur@gmail.com

জেলা সমবায় কর্মকর্তা
জেলা সমবায় অফিস, হবিগঞ্জ।

# সমিতির প্রোফাইল

## বিজয় সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ

**পরিচিতি :** হবিগঞ্জ জেলার মাধবপুর উপজেলার নোয়াপাড়া গ্রাম একটি প্রাচীন ও প্রত্যন্ত জনপদ। এই জনপদে রয়েছে চা বাগান , ও বাওড় । এই সংলগ্ন জনবসতির বেশিভাগ লোকজনই ছিল একসময় দরিদ্র এবং পেশাজীবী । যাদের জীবনজীবিকার মূল উৎস ছিল কৃষি ও শ্রম । তাঁরা ছিল সমাজে অবহেলিত ও বৈষম্যের শিকার । দারিদ্রতা, শিক্ষার অভাব, অনুন্নত যোগাযোগ সবকিছুই যেন এই এলাকার দৈনন্দিন বিষয় । কিছু সংখ্যক মানুষ গ্রাম ছেড়ে শহরে এসে লেখাপড়া করেছে। যারা এই অবহেলিত জনপদটিকে দারিদ্রের দুষ্টচক্র থেকে বের হয়ে আসার জন্য নিরলস চেষ্টা করেছেন তাদের মধ্যে জনাব মোঃ আঃ আছকির অন্যতম। বৈষম্য ও দারিদ্র্য থেকে চা বাগান সংলগ্ন জনবসতির মুক্তির লক্ষ্যে তারা সমবায় সমিতি গঠনের দৃঢ় প্রত্যয়ী সিদ্ধান্ত নেন। সেই লক্ষ্যে তিনি স্থানীয় জনসাধারনদের সমবায় দর্শনে উদ্ধুদ্ধ ও সংগঠিত করে তাঁদের ভাগ্য উন্নয়নের লক্ষ্যে ২০১৮ সালের মাঝামাঝি দিকে ২০ জন বেকারদের সমন্বয়ে বিজয় সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি গঠন করেন। যা সমবায় বিভাগ হতে ১১/১০/২০১৮ খ্রিঃ তারিখে নিবন্ধন প্রাপ্ত হয়। যার নিবন্ধন নং ১৭৩৫ , তারিখঃ ১১/১০/২০১৮ খ্রিঃ। নিবন্ধিত ঠিকানাঃ গ্রামঃ নোয়াপাড়া বাজার, ডাকঃ সায়হামনগর , উপজেলাঃ মাধবপুর , জেলাঃ হবিগঞ্জ । এ সমিতির বর্তমান কর্ম ও সভ্য নির্বাচনী এলাকা ০৯নং নোয়াপাড়া ও ০৭ নং জগদীশপুর ইউনিয়নের মধ্যে সীমাবদ্ধ।

**সমিতির লক্ষ্য ও উদ্দেশ্যঃ**

১. সভ্যগণকে সমবায় নীতি ও আদর্শ শিক্ষা দেওয়া,তাদের মধ্যে পারস্পরিক সাহায্য সহযোগিতা ও সমঝোতার মনোভাব গড়ে তোলা এবং পরিকল্পিতভাবে উন্নত জীবন যাপনের জন্য ঐক্যবদ্ধ প্রচেষ্টা গ্রহনে উদ্ধুদ্ধ করা।

২. নিজেদের আর্থিক উন্নতি অর্জনের লক্ষ্যে আয় বৃদ্ধির জন্য সভ্যগণকে সমষ্টিগত প্রচেষ্টা গ্রহণে উদ্ধুদ্ধ করা।

৩. সভ্যগণের মধ্যে মিতব্যয়িতা ও সঞ্চয়ের অভ্যাস গড়ে তোলা।

৪. অন্যান্য পণ্যের উৎপাদন , মানবৃদ্ধিসহ সংরক্ষন প্রক্রিয়াজাত করা এবং বাজারজাত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন।

**উন্নয়ন কর্মকান্ডঃ**

এ প্রাচীন জনপদে রয়েছে অনেক খাল-বিল, বাওড় ও চা বাগান । এগুলোকে ব্যবহার করে এ সমিতির সদস্যদের আর্থ-সামাজিকভাবে টেকসই উন্নয়নের প্রচেস্ঠা অব্যাহত রয়েছে । অর্থ সদস্যদের মধ্যে সমবায় ভিত্তিক লাভ বন্টনপূর্বক সদস্যদের আথ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ন ভূমিকা রেখে চলেছে।

**কর্মসংস্থান সৃষ্টিঃ**

সমিতির মাধ্যমে স্থানীয়ভাবে সমিতির সদস্যগণকে ঋণ কার্যক্রম কর্মসূচীর মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টিতে ভূমিকা রেখে চলেছে। সমিতির ৪৩৮ জন সদস্য ঋণ কার্যক্রম কর্মসূচীর সাথে (আদায়/প্রদান) সম্পৃক্ত থেকে স্ব-কর্ম সৃষ্টি করেছে। এছাড়া ও সমিতির হিসাবাদি সংরক্ষণসহ অন্যান্য কাজে নিয়মিত ও খন্ডকালীন প্রায় ০৩ জন কর্মচারী নিয়োজিত রয়েছে।

অন্যান্য কর্মকান্ড

১. সমিতির মাধ্যমে সদস্যদের সন্তানদের বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা গ্রহণ, স্যানিটেশন ব্যবহার নিশ্চিতকরণ, বৃক্ষরোপণ, শীতবস্ত বিতরন ও পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ ও উদ্ধুদ্ধকরণ এবং বাল্যবিবাহ প্রতিরোধে যথাযথ ভূমিকা পালন।

২. সদস্যদের কন্যা বিবাহদানে সহায়তাসহ স্থানীয়ভাবে বিভিন্ন সামাজিক ,সাংস্কৃতিক এবং ধর্মীয় কর্মকান্ড অংশগ্রহনপূর্বক সহায়তাকরণ।

৩. এছাড়া ও চা বাগান সহ বিভিন্ন জায়গায় বৃক্ষ রোপন ও বনায়নে উদ্ধুদ্ধ ও সহায়তাকরণ।

**উপজেলা সমবায় পুরস্কারে মনোনীত**

উপজেলা সমবায় পুরস্কারে মনোনীত

সমবায় ভিত্তিক এ সমিতির উন্নয়নমূলক কর্মকান্ড পরিচালনার মাধ্যমে সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়ন,কর্মসংস্থান সৃষ্টি, বিভিন্ন সামাজিক ও জনসচেতনামূলক কার্যক্রমে সমবায়ের ব্যবহার এবং দারিদ্র্য বিমোচনে অগ্রনী ভূমিকা রাখেন। উপজেলা পর্যায়ে এ সমিতিকে ২০২৫ সালের শ্রেষ্ঠ সমিতিকে  হিসাবে ঘোষনা করা হয়।

সমিতির কার্যক্রমের তথ্যাবলীঃ ২০২৪-২০২৫

১। সমিতির নাম: বিজয় সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ

২। ঠিকানা: গ্রামঃ নোয়াপাড়া বাজার, ডাকঃ সায়হামনগর, উপজেলাঃ মাধবপুর, জেলাঃ হবিগঞ্জ।

৩। নিবন্ধন নং ও তারিখঃ নিবন্ধন নং ১৭৩৫, তারিখঃ ১১.১০.২০২৮ খ্রি.।

৪। **সদস্য সংখ্যা  ৪৩৮ জন্, পুরুষ (৪১০ জন ও মহিলা ২৮ জন )** ।

৫। শেয়ার মূলধন  ৪৬৪০০.০০ টাকা

৬। সঞ্চয় আমানত  ৫৭৬২১১.০০ টাকা

৭। কার্যকরী মূলধন ১৬০৫৯০৯.০০ টাকা।

৮। ঋণ কার্যক্রম : ঋণ বিতরণ ৯৬৭৭০১১.০০ টাকা ও ঋণ আদায় ৮১৯৮১০০.০০ টাকা।

৯। সম্পদ : স্থাবর নাই। অস্থাবর ৩১৫০০.০০ (আসবাবপত্র) টাকা।

১০। নীট লাভ : ৬২৪০৫.৪০ টাকা, (২০২৪-২০২৫)।

১১। লভ্যাংশ বিতরণ : নাই।

**সামজিক কর্মকান্ডে অংশগ্রহনঃ** দীর্ঘদিন যাবৎ সমিতিটি সামাজিক কর্মকান্ডে সাথে সম্পৃত্ত। ধর্মীয় সংখ্যালঘু অধ্যুষিত এ গ্রামে একটি মাধ্যমিক বিদ্যালয়ে প্রতিবছর আর্থিক অনুদান দেয়া হয়।এবং ধর্মীয় বিভিন্ন অনুষ্ঠান ও সমিতির অর্থায়নে অনুষ্ঠিত হয়ে থাকে।

**পরিশেষঃ** বিজয় সঞ্চয় ও ঋণদান  সমবায় সমিতি লিঃ দীর্ঘ ৬ বছর ধরে সমবায় আন্দোলনের মাধ্যমে সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়ন ও স্ব –কর্মসংস্থান সৃষ্টিতে বলিষ্ঠ ভূমিকা পালন করে আসছে। এ গ্রামের মানুষ এখন সরকারের বিভিন্ন দপ্তরে কর্মরত আছেন। সৎ ও দক্ষ ব্যবস্থাপনার পাশাপাশি প্রয়োজনীয় সরকারী পৃষ্ঠপোষকতা পেলে এ সমিতির উৎপাদনমুখী কর্মকান্ড আর ও গতিশীল ও বেগবান হবে এবং সদস্য ছাড়া ও এলাকার সাধারণ মানুষের জীবনমানের উন্নয়ন সাধিত হবে। আর এভাবেই আলোচ্য সমিতি একদিন সাফল্যের সর্বোচ্চ শিখরে পৌছাবে বলে আমার দৃঢ় বিশ্বাস।

২২/০৭/২৫

মোঃ ইসমাইল তালুকদার
উপজেলা সমবায় অফিসার
মাধবপুর, হবিগঞ্জ।

জেলা সমবায় অফিসার
হবিগঞ্জ।

<u>বিজয় সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ এর স্থিরচিত্র</u>












মোঃ ইসমাইল তালুকদার
উপজেলা সমবায় অফিসার
মাধবপুর, হবিগঞ্জ।

জেলা সমবায় অফিসার
হবিগঞ্জ।